

০৪

**ইসলামী বিশ্ববিদ্যালয়ের
ভিসি'কে শিক্ষা মন্ত্রণালয়ের
কারণ দর্শাও নোটিস**

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশনের অনুমোদন ব্যতীত
ইসলামী বিশ্ববিদ্যালয়ে "ব্যবসায়
প্রশাসন" নামের অনুষদ চালু
(১০ম পৃ: ২-এর ক: দ্র:)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

করায় গত ২৬শে অক্টোবর শিক্ষা
মন্ত্রণালয় কর্তৃক বিশ্ববিদ্যা-
লয়ের ভিসি প্রফেসর ইনাম-উল-
হকের নিকট একটি 'কারণ দর্শাও'
নোটিস প্রদান করা হইয়াছে বলিয়া
রেজিষ্টার অফিস সূত্রে জানা যায়।

নোটিসে অবিলম্বে অনুষদ চালু
এবং উক্ত অনুষদের যাবতীয়
অর্থ নির্বাহের বিষয়ে বিশ্ববিদ্যা-
লয় কর্তৃপক্ষের 'জবাব' শিক্ষা
মন্ত্রণালয়ে জমা দিতে বলা হই-
য়াছে।

এদিকে গত ২৮শে অক্টোবর
ডাইস-চ্যান্সেলর প্রফেসর ইনাম-
উল-হকের সভাপতিত্বে অনুষ্ঠিত
একাডেমিক কাউন্সিলের বৈঠকের
সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের
চ্যান্সেলর অনুমোদিত "ইসলাম ও
তুলনামূলক ধর্মতত্ত্ব" অনুষদ চালুর
ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমি-
শনের অনুমোদন চাহিয়া চিঠি
প্রদান করা হইয়াছে।

একাডেমিকে কাউন্সিলের
অপর এক সিদ্ধান্ত মোতাবেক
আইন অনুষদের অধীনে "ফেকাহ
বিভাগ" খোলার ব্যাপারে "অভি-
মত" চাহিয়া ঢাকা, রাজশাহী ও
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন
অনুষদের ডীনদের নিকট চিঠি
প্রদান করা হইয়াছে বলিয়া ডাইস
চ্যান্সেলর জানাইয়াছেন।